



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours Part-III Examination, 2019



বাংলা

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে গ্রামজীবন ও শহরজীবনের দ্বন্দ্বিকতার প্রেক্ষাপটে মানবমনের নিগূঢ় রহস্যময়তার চিত্রটি পরিস্ফুট করো। ১৫

অথবা

- ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের আঙ্গিকের অভিনবত্ব দেখাও। ১৫

- ২। বীরসা চেয়েছিল অরণ্যের অধিকার - “অরণ্যের অধিকার” বলতে কী বোঝায়? উপন্যাসের বিষয়বস্তুর আলোকে এর নামকরণটি কতদূর সার্থক হয়েছে আলোচনা করো। ৩+১২

অথবা

- “অরণ্যের অধিকার” উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করো। ১৫

- ৩। অতি প্রাকৃত গল্পের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে “ক্ষুধিত পাষণ” গল্পটির বিচার করো। ১৫

অথবা

- “পয়লা নম্বর” গল্পের অনিলা চরিত্রটির মধ্য দিয়ে পুরুষ শাসিত সমাজে নারীর প্রতিবাদ ঘোষিত হয়েছে — আলোচনা করো। ১৫

- ৪। রতনের দৃষ্টিতে মহানগরের যে পরস্পর বিরুদ্ধ চিত্র অঙ্কিত হয়েছে, “মহানগর” গল্পের কাহিনী অবলম্বনে তার ব্যাখ্যা দাও। ১৫

অথবা

- ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার যে পরিচয় ‘চরণ দাস এম.এল.এ’ গল্পে ফুটে উঠেছে - তা এককথায় অনবদ্য। — এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১৫

- ৫। মদন চরিত্রের দোলাচলতার জন্য দায়ী তার আর্থ-সামাজিক পরিকাঠামো — “চোর” গল্পটি অবলম্বনে মস্তব্যটির অর্থ পরিস্ফুট করো। ১৫

অথবা

- ‘এখন প্রেম’ গল্পটি তৎকালীন বাস্তবতার প্রেক্ষাপটে প্রেমের ব্যর্থতার রূপায়ণ — আলোচনা করো। ১৫

- ৬।(ক) ‘এলে না কেন গো ? ডুরে শাড়ীটি পরে, চুলাটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্য’ – কে কার জন্য বসেছিল ? বক্তার মনোভাবটি পরিস্ফুট করো। ২+৩
- অথবা
- ‘রাজপুত্র প্রবীরকে স্বামী হিসাবে পাইয়া মতির সুখের সীমা নাই’ — “রাজপুত্র প্রবীর” কাকে বলা হয়েছে ? তার চারিত্রিক বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো। ১+৪
- (খ) “হা দেখ্ দিকুতে সাহেবে মিলে মোরে বার বার অশুচ করে” – “মোরে” বলতে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটির অর্থ পরিস্ফুট করো। ১+২+২
- অথবা
- “লিখছি, আর মাঝে মাঝে মাথা তুলে দেখছি। সামনে নদীর দিকে চেয়ে বসে আছে এক জরতী মুগ্ধা মা” — উক্তিটি কার ? “মুগ্ধা মা” বলতে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গটি উল্লেখ করে তার অবস্থাটি বিবৃত করো। ১+১+৩
- (গ) ‘এই বাক্যহীন মনুষ্যের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজন মহত্ত্ব আছে।’ — তাৎপর্য বুঝিয়ে লেখো। ৫
- অথবা
- ‘মনে আছে, সেদিন সোমবার। সকাল হইতেই আকাশ মেঘাচ্ছন্ন হইয়া আছে। বেলা দশটা হইতে টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতে আরম্ভ করিল।’ — কোন গল্পের অংশ ? সপ্রসঙ্গ আলোচনা করো। ১+৪
- (ঘ) “তা আমি বলছিলাম, সামনের পূর্ণিমায় তুমি আর আমি এই বিষয়টা চেষ্টা করে দেখবা।” – কে কাকে একথা বলেছে ? কোন বিষয়ের কথা বলা হয়েছে ? ২+৩
- অথবা
- “পায়ে দিয়ে হেঁটে দেখলাম যেমন নরম তেমনি আরাম” – প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (ঙ) “লোকে অনুতাপে নূতন জীবন পায় গো মা ! তুমি অনেক অনুতাপ করেছো তাই এই নূতন জীবন পেয়েছ— ” কার প্রতি কার উক্তি ? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- অথবা
- “ঐ তো মরা গাছটার শুকনো, কঙ্কাল শাখায় কাকটা বসে আছে, কতদিন ধরে, মানুষগুলোর নজর পড়ে” — বক্তব্যটি কার ? কোন প্রসঙ্গে “মরাগাছ” ও “কাক”-এর উপমা ব্যবহৃত হয়েছে ? ১+৪

—x—